



# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

## ২০১৬-২০১৭ অর্থ বছরের (অবশিষ্ট সময়) ইজারার টেন্ডার বিজ্ঞপ্তি

- ১। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের পটুয়াখালী নদী বন্দরের নিয়ন্ত্রণাধীন “কালাইয়া লঞ্চঘাট” এর ২০১৬-২০১৭ অর্থ বছরের অবশিষ্ট সময় অর্থাৎ ০২-০৫-২০১৭ তারিখ হতে ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত সময়ের জন্য ইজারার টেন্ডার আগামী ৩০-০৪-২০১৭ তারিখ অনুষ্ঠিত হবে। ঢাকাস্থ প্রধান দপ্তরের (১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০) পরিচালক (হিসাব)-এর নিয়ন্ত্রণাধীন ক্যাশ শাখায় দরপত্রের নির্ধারিত অর্থ পরিশোধ পূর্বক বন্দর ও পরিবহন বিভাগের বন্দর শাখা হতে দরপত্র সংগ্রহ করা যাবে। পটুয়াখালী নদী বন্দর নিয়ন্ত্রণ কর্মকর্তার দপ্তর হতেও দরপত্রের নির্ধারিত অর্থ পরিশোধ পূর্বক দরপত্র সংগ্রহ করা যাবে। টেন্ডার সংক্রান্ত যাবতীয় তথ্যাদি/নিয়মাবলী টেন্ডার সিডিউলে উল্লেখ থাকবে। তাছাড়া বিআইডব্লিউটিএ’র পরিচালক (বন্দর ও পরিবহন), বাঅনৌপক, ঢাকা এর দপ্তর এবং সংশ্লিষ্ট বন্দর নিয়ন্ত্রণ কর্মকর্তার দপ্তর হতেও টেন্ডারের তথ্যাদি জানা যাবে।
- ২। পরিচালক (বন্দর ও পরিবহন), বাঅনৌপ কর্তৃপক্ষ, ঢাকা-এর দপ্তর, সংশ্লিষ্ট বন্দর দপ্তর ও বাংলাদেশ সচিবালয়, ভবন নং-৬, ৮ম তলা, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের কক্ষ নং-৮০১(ক) এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরে নির্ধারিত তারিখ বেলা ১০০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত টেন্ডার দাখিল করা যাবে। ঐ সময়ের পর কোন টেন্ডার গৃহীত হবে না এবং ঐ দিনই সকল স্থানে একযোগে বেলা ১৪১৫ ঘটিকায় টেন্ডার দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার খোলা হবে।
- ৩। উল্লেখ্য যে, অসম্পূর্ণ টেন্ডার গ্রহণযোগ্য হবে না এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন টেন্ডার বা সকল টেন্ডার বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

পরিচালক  
বন্দর ও পরিবহন বিভাগ।  
ফোন : ৯৫৫২৬৭৩